তারিখ ... 10 NOV 1990 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৫ ...

59

দৈনিক বাংলা

## ঢাকা ভার্সিটি শিক্ষক সমিতির আহবান

।। স্টাফ রিপোর্টার ।।

ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নেতৃবৃন্দ গতকাল বিকালে হলসমূহের প্রভোস্ট এবং সন্ধ্যায় সর্বদলীয় ছাত্র ঐক্যের নেতাদের সঙ্গে বৈঠকে

(৫-এর পৃঃ দ্রঃ)

## ঢাকা ভার্সিটি (প্রথম পৃঃ পর)

মিলিত হন। বিশ্ববিদ্যালয় ক্লাব ভবনে বৈঠক দুটি অনুষ্ঠিত হয়।

বৈঠকে আলোচনার প্রেক্ষিতে এক প্রস্তাবে আগামীকাল রোববার ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষকদের কালো ব্যাজ ধারণ করে ক্লাসে যোগদান করার আহবান জানানো হয়। অপর এক প্রস্তাবে এ ব্যাপারে সহযোগিতা করতে বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট সকলের প্রতি অনুরোধ জানানো হয়। এক বিজ্ঞপ্তিতে এ খবর জানানো হয়েছে।

জানা গেছে, শিক্ষক সমিতির নেতৃবৃন্দের সঙ্গে হল প্রভোস্টদের বৈঠকে সার্বিক পরিস্থিতি নিয়ে আলোচনা হয়। এতে আগামীকাল রোববার থেকে শিক্ষক সমিতির ক্লাস শুরুর সিদ্ধান্ত নিয়ে কথা হয়। তবে বৈঠকে প্রভোস্টরা হল খোলার ব্যাপারে তাঁদের অপারগতা প্রকাশ করেন।